গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া
shajahanpur.bogra.gov.bd

**বিষয়** : **'১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩" উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
শাজাহানপুর, বগুড়া

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ : ১৪ মার্চ ২০২৩ খ্রি.

সময় : সকাল ১০.০০ টা

উপস্থিতি : পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সুধীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতেই তিনি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১৩/০২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী, জেলা প্রশাসক বগুড়া মহোদয়ের কার্যালয়ে ০৬ মার্চ ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এবং এ উপজেলা পর্যায়ে ২০২২ সালে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীপাঠ করে শুনান। তিনি বলেন এ বছর দিবসটির প্রতিপাদ্য **"বঙ্গবন্ধুর জন্মদিনের অংগীকার সকল শিশুর সমান অধিকার"**। সভাপতি দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে উপস্থিত সকলকে মূল্যবান পরামর্শ .ও সুচিন্তিত মতামতপ্রদানের জন্য অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত-১। কর্মসূচি:**

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি/অনুষ্ঠান | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **১৭ মার্চ ২০২৩ খ্রি. সুর্যোদয়ের সাথে সাথে** | সকল সরকারি/বেসরকারিভবন, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান ও বাসভবনে জাতীয় পতাকা উত্তোলন | স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠান | ১) পতাকা পর্যবেক্ষণ উপকমিটি<br>২) স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ০২ | **১৭ মার্চ ২০২৩ খ্রি. সকাল ৯.০০ ঘটিকা** | যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল-এ পুস্পস্তবক অর্পণ | উপজেলা পরিষদ চত্বর | পুস্পস্তবক অর্পণ উপকমিটি |
| ০৩ | **১৭ মার্চ ২০২৩খ্রি. সকাল ৯.১৫ মিনিট** | শিশু সমাবেশ ও আনন্দ র‍্যালি | উপজেলা পরিষদ হতে শুরু করে মাঝিড়া বন্দর হয়ে উপজেলা পরিষদে প্রত্যাবর্তন | শিশু সমাবেশ ও আনন্দ র‍্যালি উপকমিটি |
| ০৪ | **সুবিধাজনক সময়ে** | জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন | সকল উপাসনালয় | প্রার্থনা কমিটি |
| ০৫ | **(১১-১৭ মার্চ)** | বঙ্গবন্ধুর জীবনী অনুসরণপূর্বক বঙ্গবন্ধু-এঁর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারি প্রদর্শন এবং ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার | উপজেলা পরিষদ চত্বরে ও অডিটোরিয়ামে | উপকমিটি |
| ০৬ | **সকাল ১০.০০টা** | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কেক কাটা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | উপজেলা পরিষদ অডিটোরিয়াম | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি |

**চলমান পাতা:০২**

**সিদ্ধান্ত -২। কমিটি গঠন** :

বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপভাবে উপজেলা কমিটি ও উপ-কমিটিগুলো গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপ-কমিটিগুলো প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩" উদ্‌যাপন সংক্রান্ত উপজেলা কমিটি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | | |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, ৪২ বগুড়া-৭ (শাজাহানপুর-গাবতলী), বাংলাদেশ জাতীয় সংসদ | উপদেষ্টা |
| ০২ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, শাজাহানপুর, বগুড়া | উপদেষ্টা |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া | আহবায়ক |
| ০৪ | সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ০৮ | অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা, বগুড়া | সদস্য |
| ০৯ | উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১২ | উপজেলা সমাজসেবা অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১৩ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১৬ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১৭ | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ১৮ | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, শাজাহানপুর উপজেলা শাখা, বগুড়া | সদস্য |
| ১৯ | সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, শাজাহানপুর উপজেলা শাখা, বগুড়া | সদস্য |
| ২০ | বীর মুক্তিযোদ্ধা শ্রী গৌর গোপাল গোস্বামী, সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ২১ | বীর মুক্তিযোদ্ধা মোঃ হযরত আলী, সাবেক ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ২২ | বীর মুক্তিযোদ্ধা মোঃ লিয়াকত আলী, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ২৩ | সভাপতি, ........................................ প্রেস ক্লাব, শাজাহানপুর, বগুড়া | সদস্য |

**"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩" যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নরূপ উপ-কমিটি গঠন করা হয় : (প্রত্যেক উপকমিটি নিজেরা সভা করে দিবসের ১দিন পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করবেন।)**

**উপ-কমিটিসমূহ:**

**ক) পুষ্পস্তবক অর্পণ উপকমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য অফিসার | আহবায়ক |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ০৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য |
| ০৪ | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ০৫ | উপজেলা একাডেমিক সুপারভাইজার | সদস্য |

**খ) জাতীয় পতাকা পর্যবেক্ষণ উপকমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| | | |
|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার (ভূমি) | আহবায়ক |
| ০২ | অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা | সদস্য |
| ০৩ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৫ | সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, শাজাহানপুর উপজেলা শাখা | সদস্য |
| ০৬ | সভাপতি/সা: সম্পাদক, প্রেস ক্লাব শাজাহানপুর, বগুড়া | সদস্য |

চলমান পাতা:০৩

| গ) শিশু সমাবেশ ও আনন্দ র‌্যালি উপকমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : | | |
|---|---|---|
| ০১ | উপজেলা শিক্ষা অফিসার | আহবায়ক |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৩ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য |
| ০৪ | উপজেলা একাডেমিক সুপারভাইজার | সদস্য |
| ০৫ | জনাব মোঃ জহুরুল আলম<br>সহকারী উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ০৬ | সম্পাদক, বাংলাদশে স্কাউটস, শাজাহানপুর | সদস্য |

| ঘ) ডকুমেন্টরী প্রদর্শন ও ভাষণ প্রচার উপকমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : | | |
|---|---|---|
| ০১ | সহকারী প্রোগ্রামার | আহবায়ক |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ০৩ | জনাব মো: মোমিনুল ইসলাম<br>সহকারী উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ০৪ | জনাব নিরব মিয়া<br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা<br>ইউএনও অফিস, শাজাহানপুর, বগুড়া | সদস্য |
| ০৫ | জনাব মোঃ আল আমিন, টেকনিশিয়ান | সদস্য |
| ০৬ | উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার | সদস্য |

| ঙ) আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : | | |
|---|---|---|
| ০১ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | আহবায়ক |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৩ | উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| ০৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ০৫ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |
| ০৬ | জনাব মো: মোমিনুল ইসলাম<br>সহকারী উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |

| চ) বিশেষ মোনাজাত/প্রার্থনা উপকমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : | | |
|---|---|---|
| ০১ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন | আহবায়ক |
| ০২ | সা. সম্পাদক, উপজেলা পরিষদ জামে মসজিদ | সদস্য |
| ০৩ | সভাপতি, ইমাম সমিতি, শাজাহানপুর | সদস্য |
| ০৪ | মোঃ আব্দুল লতিফ, পেশ ইমাম, উপজেলা কমপ্লেক্স জামে মসজিদ, শাজাহানপুর | সদস্য |
| ০৫ | সভাপতি, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ<br>শাজাহানপুর উপজেলা শাখা | সদস্য |

**সিদ্ধান্ত-৩। বিবিধ :**

১) উপজেলার সকল দপ্তর/অফিসের কর্মকর্তা/কর্মচারী উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহে অংশগ্রহণ করবেন। স্ব-স্ব দপ্তর/অফিস প্রধান বিষয়টি নিশ্চিত করবেন।

২) জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের উপস্থিতিতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও সকল কারিগরি, মাদ্রাসা ও ইংলিশ মিডিয়াম শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান উক্ত দিবস উদ্‌যাপনের ভিডিও আব্যশিকভাবে দিবস উদ্‌যাপনের পরবর্তী কার্যদিবসে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর এর নিকট প্রেরণ নিশ্চিত করবেন। উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবেন। এছাড়া সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে স্ব স্ব ইউনিয়ন পরিষদ এবং জনসমাগম ঘটে এরূপ স্থানে বঙ্গবন্ধু কর্তৃক১৯৭১ সালের ০৭ মার্চে প্রদত্ত ভাষণ ও বঙ্গবন্ধুর উপর নির্মিত ডকুমেন্টারি প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪) সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি ওস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ১৭ মার্চ, ২০২৩ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন করবেন।

৫) অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা, বগুড়া ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

৬) উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধুর ম্যুরাল ও আশেপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নকরণসহ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এবং উপজেলা পরিষদ ভবন, অডিটোরিয়াম এর পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

৭) জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ দিবসের সকল কর্মসূচিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শাজাহানপুর, বগুড়া প্রাথমিক চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য একটি মেডিকেল টিম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চলমান পাতা:০৪

৯) ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত সকল কর্মসূচিতে বীর মুক্তিযোদ্ধাদের সম্পৃক্ত করার বিষয়টি উপজেলা সমাজসেবা অফিসার, সাবেক কমান্ডার জনাব গৌর গোপাল গোস্বামী, সাবেক ডেপুটি কমান্ডার জনাব মোঃ হযরত আলী, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, শাজাহানপুর উপজেলা কমান্ড এবং বীর মুক্তিযোদ্ধা জনাব লিয়াকত আলী বগুড়া বিষয়টি নিশ্চিত করবেন।

১০) দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা,জনপ্রতিনিধি, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে।

১১) স্থানীয় সংবাদ পত্র ও বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর গুরুত্ব আরোপ করে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ এবং সংবাদ প্রচার করবেন।

১২) নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো লি. বগুড়া সকল কর্মসূচিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩) সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ ও পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায়জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্য গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়নে সকলের অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Saida ১৪/০৩/২৩

সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
শাজাহানপুর, বগুড়া
ফোন: ০২৫৮৮৮৭৭১১১
মোবাইল: ০১৭৩৩৩৩৫৪২৩
ইমেইল: unoshajahanpur@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫০.১০৮৫.০০০.১৬.০০৩.২৩.৩২০(১০০)

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ ব. / ১৪ মার্চ ২০২৩খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২ বগুড়া-৭, বাংলাদেশ জাতীয় সংসদ
০২। জেলা প্রশাসক, বগুড়া
০৩। পুলিশ সুপার, বগুড়া
০৪। সিভিল সার্জন, বগুড়া
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া
০৬। সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া
০৮। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা, বগুড়া
০৯। উপজেলা ........................................................ অফিসার, শাজাহানপুর, বগুড়া
১০। আহবায়ক, ........................................... উপ-কমিটি, শাজাহানপুর, বগুড়া
১১। জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, হেলেঞ্চাপাড়া, শাজাহনপুর, বগুড়া
১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), শাজাহানপুর, বগুড়া
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, ..............................................., শাজাহানপুর উপজেলা শাখা, বগুড়া
১৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ....................................কলেজ/উচ্চ বিদ্যালয়/ প্রাথমিক বিদ্যালয়/মাদ্রাসা, শাজাহানপুর, বগুড়া
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, ........................................ প্রেস ক্লাব, শাজাহানপুর, বগুড়া
১৬। জনাব ..........................................., সভাপতি/সাধারণ সম্পাদক, ......................................., শাজাহানপুর, বগুড়া
১৭। বীর মুক্তিযোদ্ধা .................................................................., শাজাহানপুর, বগুড়া
১৮। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শাজাহানপুর, বগুড়া
১৯। জনাব ..................................................................................., শাজাহানপুর, বগুড়া
২০। অফিস কপি।

Saida ১৪/০৩/২৩

সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
শাজাহানপুর, বগুড়া